## খালেদা জিয়ার নেতৃত্বে মহাসম্মেলন

# শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত করতে সবদল একমত

।। স্টাফ রিপোর্টার ।।

দেশে বিভিন্ন রাজনৈতিক দল শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত এবং দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার ব্যাপারে ঐকমত্যে পৌছেছেন।

গতকাল শুক্রবার আন্তর্জাতিক সম্মেলন মিলনায়তনে অনুষ্ঠিত বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের এক মহা সম্মেলনে নেতৃবৃন্দ শিক্ষাঙ্গনকে অস্ত্রমুক্ত করা এবং শিক্ষা-প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাওয়ার এই ঐক্যবদ্ধ সিদ্ধান্ত নেন।

মহাসম্মেলন শেষে বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার এই মহা-সম্মেলনের ঘোষণাপত্র পাঠ করেন। তিনি জানান যে, রাজনৈতিক দল-গুলি দেশের শিক্ষার সমস্যাগুলি চিহ্নিত করেছেন এবং এসব সমস্যা সমা-ধানের উপায় উদ্ভাবনের লক্ষ্যে শীঘ্রই আবার সভায় মিলিত হবেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত

(প্রথম পৃঃ পর)

সভায় সকল রাজনৈতিক নেতা আগামী ৩১শে জুলাই ডাকসু নির্বাচন উপলক্ষে শান্তি শৃংখলা রক্ষা করতে সকল ছাত্র মহলের প্রতি আকুল আহবান জানান। শিল্পমন্ত্রী জনাব শামসুল ইসলাম, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী জনাব তরিকুল ইসলাম আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা বেগম সাজেদা চৌধুরী, তোফায়েল আহমদ, জাসদ (ইনু) নেতা হাসানুল হক ইনু, ওয়ার্কার্স পার্টির নেতা রাশেদ খান মেনন মহাসম্মেলনের ঘোষণা পাঠ করার সময় উপস্থিত ছিলেন। প্রায় ৬ ঘন্টাব্যাপী অনুষ্ঠিত এই মহাসম্মে-লনে বাংলাদেশ জাতীয়তাবাদী (বিএনপি), আওয়ামী লীগ, জামায়াতে ইসলামী, সিপিবি, বাকশাল, ওয়ার্কার্স পার্টি, ন্যাপ, মোজাফফর, ওয়ার্কার্স পার্টি, জাসদ, বাসদ, মুসলিম লীগ, শ্রমিক কৃষক সমাজবাদী দল ও বাংলা-দেশের সাম্যবাদী দলসহ বিভিন্ন রাজনৈতিক দলের ২৮ জন আলো-চনায় অংশ নেন। দেশের শিক্ষাঙ্গনে সন্ত্রাস, নৈরাজ্য দমনের লক্ষ্যে এগিয়ে আসায় নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে অভিনন্দন জ্ঞাপন করেন।

জনাব আবদুস সালাম তালুকদার জানান যে, নেতৃবৃন্দের আলোচনায় শিক্ষাঙ্গনে সন্ত্রাস, সেশন জট, পরী-ক্ষায় নকল, প্রশ্নপত্র ফাঁস হয়ে পড়া এবং বেকারত্ব প্রভৃতিকে মূল সমস্যা হিসাবে চিহ্নিত করা হয়।

এসব সমস্যা সমাধানের পথ বের করার লক্ষ্যে নেতৃবৃন্দ শীঘ্রই আবার বৈঠকে মিলিত হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। গতকাল আলোচনায় যারা অংশ নেন তাঁরা হলেন, আওয়ামী লীগের বেগম সাজেদা চৌধুরী এমপি, তোফায়েল আহমদ এমপি, জামা-য়াতে ইসলামীর মাওলানা মতিউর রহমান নিজামী এমপি, বাকশালের মহিউদ্দিন আহমদ এমপি, ওয়ার্কার্স পার্টির রাশেদ খান মেনন এমপি, জাসদ (সিরাজ) এর শাহ জাহান সিরাজ এমপি, সিপিবির সাইফুদ্দিন আহমদ মানিক, জনদলের কে এম ওবায়দুর রহমান, মুসলিম লীগের আবদুল মতিন, শ্রমিক কৃষক সমাজ-বাদী দলের নির্মল সেন, সাম্যবাদী দলের দিলীপ বড়ুয়া, বাসদ (মাহবুব) নেতা আ ফ ম মাহবুবুল হক, বাসদ (খালেকুজ্জামান) নেতা খালেকুজ্জামান ভুঁঞা, হাসানুল হক ইনু (জাসদ ইনু) পিএনপির শওকত হোসেন নিলু, জাগপার শফিউল আলম প্রধান, হিন্দু ঐক্য ফ্রন্টের মনীন্দ্র নাথ সরকার, বিপ্লবী ইসলামিক ঐক্য পরিষদের মাওলানা ওবায়েদুল্লা বিন জালালাবাদী, মির্জা সুলতান রাজা প্রমুখ।

মহাসম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, শিক্ষা মন্ত্রী ডাঃ বদরুদ্দোজা চৌধুরী, কৃষি,বন্যা নিয়-ন্ত্রণ ও পানি সম্পদ বিষয়ক মন্ত্রী মেজর জেনারেল (অবঃ) মজিদ উল হক, যোগাযোগ মন্ত্রী অলি আহমদ, শিল্পমন্ত্রী শামসুল ইসলাম খান, জাহাজ চলাচল মন্ত্রী এম কে আনো-য়ার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, ডাক ও তার প্রতিমন্ত্রী শামসুল ইসলাম, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী তরিকুল ইসলাম, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন খোকা, ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র মির্জা আব্বাস এমপি, সিপিবির শামসুদ্দোহা এমপি প্রমুখ।

উল্লেখ্য, দেশের শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার লক্ষ্যে একটি জাতীয় ঐকমত্যে পৌছানোর জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দেশের রাজ-নৈতিক দলের নেতৃবৃন্দের এই মহা-সম্মেলন আহবান করেন। আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত এই মহা-সম্মেলনে দেশের ৪০টি রাজনৈতিক দলের নেতৃবৃন্দ যোগদান করেন।

গতকাল রাতে ওয়ার্কার্স পার্টির নেতা জনাব রাশেদ খান মেনন এই প্রতিনিধির সঙ্গে আলোচনাকালে বলেন যে, অত্যন্ত হৃদ্যতাপূর্ণ পরিবেশে এই মহা সম্মেলন অনুষ্ঠিত হয়। রাজনৈতিক দলগুলির ঐক্যবদ্ধ উদ্যোগ শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করা এবং শিক্ষা সমস্যার ব্যাপারে একটি ইতি-বাচক অবদান রাখতে পার বলে তিনি আশা ব্যক্ত করেন। এ ব্যাপারে সকল রাজনৈতিক দলের সম্মেলন আহ্বানকে তিনি একটি শুভ উদ্যোগ বলে মন্তব্য করেন।